# গঠনতন্ত্র

আহলেহাদীছ পেশাজীবী ফোরাম

# গঠনতন্ত্র

আহলেহাদীছ পেশাজীবী ফোরাম

**প্রকাশক**
কেন্দ্রীয় কমিটি
**আহলেহাদীছ পেশাজীবী ফোরাম**

**কেন্দ্রীয় কার্যালয়**
দারুল ইমারত আহলেহাদীছ
নওদাপাড়া (আমচত্বর), পোঃ সপুরা, রাজশাহী।

**دستور العمل للمنتدى المهني لأهل الحديث**

**الناشر** : المجلس المركزى للجمعية

**المقر الرئيسى** : دار الإمارة لأهل الحديث

نودابارا، راجشاهى، بنغلاديش

**প্রকাশকাল**
জানুয়ারী ২০২৩

**মুদ্রণে**
হাদীছ ফাউণ্ডেশন প্রেস, রাজশাহী

**হাদিয়া**
২০ (বিশ) টাকা মাত্র

---

**GATHANTANTRA** (Constitution) : Published by the Central Committee of **AHLE HADEETH PROFESSIONAL FORUM**. Head Office : Darul Imarat Ahle Hadeeth, Nawdapara, P.O. Sapura, Rajshahi. Ph. 0721-760525. Mob : 01723-771090. E-mail : ahlehadeethandolon@gmail.com. Web : www. ahlehadeethbd.org.

بسم الله الرحمن الرحيم

# সংক্ষিপ্ত পরিচিতি

১৯৯৪ সালের ২৩শে সেপ্টেম্বর রাজশাহী মহানগরীর নওদাপাড়াতে ‘আহলেহাদীছ আন্দোলন বাংলাদেশ’ প্রতিষ্ঠিত হওয়ার পর থেকে সারা বাংলাদেশে পবিত্র কুরআন ও ছহীহ হাদীছভিত্তিক সমাজ সংস্কারমূলক দাওয়াত দুর্বার গতিতে এগিয়ে যেতে থাকে। *ফালিল্লাহিল হাম্‌দ*। একে একে প্রতিষ্ঠিত হয় বিভিন্নমুখী দাওয়াতী প্লাটফর্ম। প্রতিষ্ঠিত হয় প্রকাশনা সংস্থা, সমাজসেবামূলক প্রকল্প, ফৎওয়া বিভাগ, গবেষণা বিভাগ, মিডিয়া ও আইটি বিভাগ, শিক্ষাবোর্ড প্রভৃতি। এরই ধারাবাহিকতায় সময়ের প্রয়োজনে সমাজের পেশাজীবী শ্রেণীকে সংঘবদ্ধ করা এবং তাদেরকে দাওয়াতী ময়দানে সক্রিয়ভাবে যুক্ত করার লক্ষ্যে **‘আহলেহাদীছ আন্দোলন বাংলাদেশ’**-এর মজলিসে শূরার অনুমোদনক্রমে **‘আহলেহাদীছ পেশাজীবী ফোরাম’**-এর আত্মপ্রকাশ ঘটে। অবশেষে বিগত ২৬শে আগস্ট ২০২২ নওদাপাড়া, রাজশাহীতে ‘আহলেহাদীছ আন্দোলন বাংলাদেশ’-এর কেন্দ্রীয় কর্মী সম্মেলন’২২-এ সংগঠনের আনুষ্ঠানিক অগ্রযাত্রা শুরু হয়। মুহতারাম আমীরে জামা‘আত প্রফেসর ড. মুহাম্মাদ আসাদুল্লাহ আল-গালিব কেন্দ্রীয় কর্মপরিষদের নাম ঘোষণা করেন এবং বায়‘আত গ্রহণ করেন। পেশাজীবীরা যেন তাদের পেশাগত জীবনের ফাঁকে ফাঁকে সাধ্যমত দ্বীনী দায়িত্ব পালন করতে পারেন এবং ধর্মের নামে যাবতীয় জাহেলিয়াত দূরীকরণের মাধ্যমে দেশ ও সমাজকে সঠিক পথে পরিচালনার ক্ষেত্রে গুরুত্বপূর্ণ অবদান রাখতে পারেন, সেজন্যই আমাদের এই পথ চলা। আল্লাহ আমাদের সহায় হৌন- আমীন!

নিবেদনে

কেন্দ্রীয় কমিটি

**আহলেহাদীছ পেশাজীবী ফোরাম**

আল্লাহ তা‘আলা বলেন,

إِنَّ اللهَ يُحِبُّ الَّذِينَ يُقَاتِلُونَ
فِي سَبِيلِهِ صَفًّا كَأَنَّهُمْ
بُنْيَانٌ مَّرْصُوصٌ–

‘নিশ্চয়ই আল্লাহ তাদেরকে ভালবাসেন, যারা তাঁর পথে লড়াই করে সারিবদ্ধভাবে সীসাঢালা প্রাচীরের ন্যায়’

*(ছফ ৬১/৪)*।

**আসুন! পবিত্র কুরআন ও ছহীহ হাদীছের আলোকে জীবন গড়ি।**

বিসমিল্লা-হির রহমা-নির রহীম

اَلْحَمْدُ للهِ وَحْدَهُ وَالصَّلاةُ وَالسَّلامُ عَلَى مَنْ لا نَبِيَّ بَعْدَهُ

## প্রথম অধ্যায়

**ধারা-১ : সংগঠনের নাম**

# আহলেহাদীছ পেশাজীবী ফোরাম

**ধারা-২ : কার্যালয়**

সংগঠনের বৃহত্তর স্বার্থে 'আহলেহাদীছ আন্দোলন বাংলাদেশ'-এর মজলিসে আমেলার অনুমোদনক্রমে প্রধান কার্যালয় নির্ধারিত হবে।

**ধারা-৩ : সংজ্ঞা :**

যে কোন বিশেষায়িত পেশা যেমন ডাক্তার, ইঞ্জিনিয়ার, আইনজীবী, চাটার্ড এ্যাকাউন্টেন্ট প্রভৃতি বিশেষ দক্ষতাভিত্তিক পেশাদার ও চাকুরীজীবীগণকে পেশাজীবী বোঝানো হবে।

**ধারা-৩ : লক্ষ্য ও উদ্দেশ্য**

নির্ভেজাল তাওহীদের প্রচার ও প্রতিষ্ঠা এবং জীবনের সর্বক্ষেত্রে কিতাব ও সুন্নাতের যথাযথ অনুসরণের মাধ্যমে আল্লাহ্‌র সন্তুষ্টি অর্জন করা। আক্বীদা ও আমলের সংশোধনের মাধ্যমে পেশাজীবী সমাজের সার্বিক সংস্কার সাধন এই সংগঠনের প্রধান লক্ষ্য।

## দ্বিতীয় অধ্যায়

**ধারা-৪ : সাংগঠনিক স্তর : চারটি–**

১. শাখা ২. উপযেলা ৩. যেলা ২. কেন্দ্র।

**১. শাখা :**

(ক) কোন এলাকায় কমপক্ষে তিনজন পেশাজীবী সদস্যের সমন্বয়ে আহ্বায়ক কমিটি হিসাবে একটি শাখা সংগঠন করা যাবে। তবে পূর্ণাঙ্গ কমিটি ৭ সদস্য বিশিষ্ট হবে এবং সভাপতি ও সাধারণ সম্পাদক ব্যতীত অন্য যে কোন পদে প্রয়োজন মত একাধিক দায়িত্বশীল থাকতে পারবে।

(খ) 'আন্দোলন'-এর যেকোন পর্যায়ের বা যেকোন মান-এর সদস্য স্ব স্ব প্রধানের অনুমতি সাপেক্ষে পেশাজীবী ফোরামের সদস্য বা দায়িত্বশীল হ'তে পারবেন।

(গ) যেলা সংগঠনের অনুমোদনক্রমে যে কোন এলাকায় বা প্রতিষ্ঠানে এর কার্যালয় স্থাপিত হবে।

**(ঘ) শাখা পরিচালনা পরিষদ :**

| | |
|---|---|
| সভাপতি | ১জন |
| সহ-সভাপতি | ১জন |
| সাধারণ সম্পাদক | ১জন |
| অর্থ সম্পাদক | ১জন |
| সমাজকল্যাণ সম্পাদক | ১জন |
| পাঠাগার ও প্রকাশনা বিষয়ক সম্পাদক | ১জন |
| অফিস সম্পাদক | ১জন |
| মোট = | ৭জন |

**২. উপযেলা :**

(ক) রাষ্ট্রীয় উপযেলা বা কয়েকটি শাখা নিয়ে একটি 'সাংগঠনিক উপযেলা' গঠিত হবে।

(খ) যেলা সভাপতি স্বীয় কর্মপরিষদের সাথে পরামর্শক্রমে উপযেলা সভাপতি, সহ-সভাপতি ও সাধারণ সম্পাদক মনোনয়ন দেবেন। উক্ত তিনজন যেলা সভাপতি বা তাঁর প্রতিনিধির উপস্থিতি ও পরামর্শক্রমে অনধিক ১০ (দশ) সদস্য বিশিষ্ট পূর্ণাঙ্গ 'উপযেলা কমিটি' গঠন করবেন এবং যেলা সভাপতি/প্রতিনিধির নিকটে শপথ নিবেন। যেলার অনুমোদন সাপেক্ষে থানা/উপযেলা শহরে অথবা উপযেলার কোন সুবিধাজনক স্থানে 'উপযেলা কার্যালয়' স্থাপিত হবে।

**(গ) উপযেলা কর্মপরিষদ :**

| | |
|---|---|
| সভাপতি | ১জন |
| সহ-সভাপতি | ১জন |

| | |
|---|---|
| সাধারণ সম্পাদক | ১জন |
| সাংগঠনিক সম্পাদক | ১জন |
| অর্থ সম্পাদক | ১জন |
| প্রচার সম্পাদক | ১জন |
| শিক্ষা ও প্রশিক্ষণ বিষয়ক সম্পাদক | ১জন |
| সমাজকল্যাণ সম্পাদক | ১জন |
| পাঠাগার ও প্রকাশনা বিষয়ক সম্পাদক | ১জন |
| অফিস সম্পাদক | ১জন |
| মোট = | ১০জন |

**৩. যেলা :**

(ক) কোন যেলায় কমপক্ষে তিনজন পেশাজীবী সদস্যের সমন্বয়ে একটি যেলা আহ্বায়ক কমিটি গঠন করা যাবে। পূর্ণাঙ্গ কমিটি ১১ সদস্য বিশিষ্ট হবে এবং সভাপতি ও সাধারণ সম্পাদক ব্যতীত অন্য যে কোন পদে প্রয়োজন মত একাধিক দায়িত্বশীল থাকতে পারবে। উক্ত পরিষদ কেন্দ্রীয় সভাপতির কাছে শপথ নিবে।

(খ) প্রশাসনিক যেলা শহরের উপযুক্ত কোন স্থানে কার্যালয় স্থাপিত হবে।

**(গ) যেলা কর্মপরিষদ :**

| | |
|---|---|
| সভাপতি | ১জন |
| সহ-সভাপতি | ১জন |
| সাধারণ সম্পাদক | ১জন |
| সাংগঠনিক সম্পাদক | ১জন |
| অর্থ সম্পাদক | ১জন |
| প্রচার সম্পাদক | ১জন |
| তথ্য ও গবেষণা বিষয়ক সম্পাদক | ১জন |
| শিক্ষা ও প্রশিক্ষণ বিষয়ক সম্পাদক | ১জন |
| সমাজকল্যাণ সম্পাদক | ১জন |
| পাঠাগার ও প্রকাশনা বিষয়ক সম্পাদক | ১জন |
| অফিস সম্পাদক | ১জন |
| মোট = | ১১জন |

**৩. কেন্দ্র :**

(ক) 'আহলেহাদীছ আন্দোলন বাংলাদেশ'-এর মজলিসে আমেলা কর্তৃক মনোনীত প্রতিনিধিদের সমন্বয়ে কেন্দ্রীয় কমিটি গঠিত হবে। কেন্দ্রীয় কর্মপরিষদ মুহতারাম আমীরে জামা'আতের নিকট আনুগত্যের বায়'আত গ্রহণ করবে।

**(খ)** পূর্ণাঙ্গ কমিটি **১১** সদস্য বিশিষ্ট হবে এবং সভাপতি ও সাধারণ সম্পাদক ব্যতীত অন্য যে কোন পদে প্রয়োজনমাফিক একাধিক সহকারী দায়িত্বশীল করা যাবে।

**(গ) কেন্দ্রীয় কর্মপরিষদ :**

| | |
|---|---|
| সভাপতি | ১জন |
| সহ-সভাপতি | ১জন |
| সাধারণ সম্পাদক | ১জন |
| সহ-সাধারণ সম্পাদক | ১জন |
| সাংগঠনিক সম্পাদক | ১জন |
| অর্থ সম্পাদক | ১জন |
| তথ্য ও গবেষণা বিষয়ক সম্পাদক | ১জন |
| শিক্ষা ও প্রশিক্ষণ বিষয়ক সম্পাদক | ১জন |
| সমাজকল্যাণ সম্পাদক | ১জন |
| পাঠাগার ও প্রকাশনা বিষয়ক সম্পাদক | ১জন |
| অফিস সম্পাদক | ১জন |
| মোট = | ১১জন |

৪. **উপদেষ্টা পরিষদ :**

(ক) সংগঠনের প্রতিটি স্তরে প্রয়োজনীয় সংখ্যক সদস্য বিশিষ্ট উপদেষ্টা পরিষদ থাকবে।

(খ) একজন প্রধান উপদেষ্টা থাকবেন যিনি উপদেষ্টা পরিষদের প্রধান হিসাবে বিবেচিত হবেন।

## ধারা-৫ : কার্যক্রম

### (ক) শাখা সংগঠন

১. সাপ্তাহিক/মাসিক পাঠচক্র/ইলমী হালাকা/দাওয়াতী বৈঠক করা।

২. নিয়মিত সিলেবাস অধ্যয়ন ও মানোন্নয়ন পরীক্ষায় অংশগ্রহণ করা।

৩. পেশাজীবীদের মাঝে পরিকল্পনা মোতাবেক দাওয়াত দেওয়া। সংগঠনের বিভিন্ন বই-পত্রিকা, প্রচারপত্র সমূহ বিতরণ করা।

৪. বিভিন্ন উপলক্ষে পেশাজীবীদের উদ্দেশ্যে দাওয়াতী সেমিনার/ওয়ার্কশপ/বুট ক্যাম্প/দাওয়াহ ট্রেনিং/স্কীল ডেভেলপমেন্ট ট্রেনিং ইত্যাদির আয়োজন করা।

৫. শীতবস্ত্র বিতরণ/দারিদ্র্য বিমোচন /কর্যে হাসানা/ফ্রী মেডিকেল ক্যাম্পিং প্রভৃতি সমাজসেবামূলক পরিকল্পনা বাস্তবায়ন করা।

৬. ঊর্ধ্বতন সংগঠনের প্রদত্ত কর্মসূচী ও নির্দেশাবলী বাস্তবায়ন করা।

### (খ) উপযেলা সংগঠন

১. শাখা সংগঠন সমূহকে অধিকতর সক্রিয় ও শক্তিশালী করার জন্য কর্মসূচী গ্রহণ করবে।

২. উপযেলা কর্মপরিষদ মাসে অন্ততঃ একটি দায়িত্বশীল বৈঠক করবে।

৩. শাখার প্রদত্ত রিপোর্ট সমূহ পর্যালোচনা করে সংশ্লিষ্ট শাখায় প্রয়োজনীয় পরামর্শ পাঠাবে ও উপযেলার মাসিক রিপোর্ট যেলায় প্রেরণ করবে।

৪. ঊর্ধ্বতন সংগঠনের নির্দেশাবলী বাস্তবায়নে বাধ্য থাকবে।

৫. প্রয়োজনীয় নথিপত্র ও রেজিষ্টার সংরক্ষণ করবে।

### (গ) যেলা সংগঠন

১. শাখা/উপযেলা সংগঠন সমূহকে অধিকতর সক্রিয় ও শক্তিশালী করার জন্য কর্মসূচী গ্রহণ করা।

২. সেমিনার/ওয়ার্কশপ/কনফারেন্স ও বিভিন্ন উপলক্ষে সমাজ সচেতনতামূলক অনুষ্ঠানের আয়োজন করা।

৩. নিয়মিত দাওয়াতী সফর, শিক্ষা সফর, দাওয়াহ ক্যাম্পিং প্রভৃতি আয়োজন করা ও অংশগ্রহণ করা।

৪. সদস্যদের পেশাগত উন্নয়নের জন্য প্রশিক্ষণমূলক প্রোগ্রামের আয়োজন করা।

৫. সমাজসেবা ও আর্থ-সামাজিক উন্নয়নমূলক পরিকল্পনা বাস্তবায়ন করা।

৬. ঊর্ধ্বতন সংগঠনের নির্দেশাবলী বাস্তবায়ন করা।

### (ঘ) কেন্দ্রীয় সংগঠন

১. যেলা সংগঠনকে অনুমোদন দেওয়া ও তদারকি করা।

২. সংগঠনের সামগ্রিক পরিকল্পনা ও কর্মসূচী গ্রহণ করা।

৩. সংগঠনের সর্বস্তরে দায়িত্বশীলদের মান উন্নয়নের জন্য প্রয়োজনীয় প্রশিক্ষণের ব্যবস্থা করা।

৪. যেলাসমূহে নির্দেশনা পাঠানো এবং মাসিক রিপোর্টের অনুলিপি 'দারুল ইমারতে' প্রেরণ করা।

৫. ঊর্ধ্বতন সংগঠনের নির্দেশাবলী বাস্তবায়ন করা।

## তৃতীয় অধ্যায়

### ধারা-৬ : দায়িত্ব ও কর্তব্য

১. **'আহলেহাদীছ আন্দোলন বাংলাদেশ'**-এর মুহতারাম আমীরে জামা'আত অত্র সংগঠনের মূল যিম্মাদার থাকবেন। তিনি কেন্দ্রীয় সভাপতি মনোনয়ন দিবেন।

২. যেলা সভাপতি কেন্দ্রীয় সভাপতির নিকট এবং অধঃস্তন সংগঠনের দায়িত্বশীলগণ ঊর্ধ্বতন সংগঠনের দায়িত্বশীলগণের নিকট দায়ী থাকবেন। সর্বস্তরের পরিচালনা পরিষদ সদস্যগণ সংশ্লিষ্ট সভাপতির নিকট দায়ী থাকবেন।

৩. **কেন্দ্রীয় সভাপতি :** তিনি সংগঠনের আভ্যন্তরীণ শৃংখলা রক্ষা করবেন এবং পরিচালনা পরিষদের সিদ্ধান্ত ও কর্মসূচী বাস্তবায়ন করবেন। যে কোন বিষয়ে তিনি যরূরী সিদ্ধান্ত নিতে পারবেন। তবে পরবর্তী পরিচালনা পরিষদ বৈঠকে তার অনুমোদন নিবেন।

৪. **সহ-সভাপতি :** তিনি সভাপতি প্রদত্ত যেকোন দায়িত্ব পালন করবেন ও তাকে সর্বদা গঠনমূলক সুপরামর্শ দিবেন। তিনি সভাপতির

অনুপস্থিতিতে সভায় সভাপতিত্ব করবেন এবং তাঁর পক্ষে নিয়মতান্ত্রিক দায়িত্ব পালন করবেন।

৫. **সাধারণ সম্পাদক :** তিনি সম্পাদক মণ্ডলীর প্রধান হিসাবে বিবেচিত হবেন। সভাপতির অনুমতিক্রমে সভা আহ্বান করবেন ও কার্যবিবরণী লিপিবদ্ধ করবেন। তিনি সম্পাদক মণ্ডলীর কার্যক্রম তদারকি করবেন ও বৈঠকে সংগঠনের সার্বিক রিপোর্ট পেশ করবেন।

৬. **সহ-সাধারণ সম্পাদক :** তিনি সাধারণ সম্পাদক প্রদত্ত যেকোন দায়িত্ব পালন করবেন ও তাকে সর্বদা গঠনমূলক সুপরামর্শ দিবেন। তিনি সাধারণ সম্পাদকের অনুপস্থিতিতে তাঁর পক্ষে সভা পরিচালনাসহ অন্যান্য নিয়মতান্ত্রিক দায়িত্ব পালন করবেন।

৭. **সাংগঠনিক সম্পাদক :** সাংগঠনিক অগ্রগতি ও শৃংখলা রক্ষার ব্যাপারে বাস্তব পরিকল্পনা পেশ করবেন ও কর্মপরিষদের অনুমোদন সাপেক্ষে তা বাস্তবায়ন করবেন।

৮. **অর্থ সম্পাদক :** সংগঠনের হিসাব সংরক্ষণ করবেন ও মাসিক বৈঠকে আয়-ব্যয়ের রিপোর্ট পেশ করবেন। তিনি উন্নয়নমুখী অর্থনৈতিক পরিকল্পনা গ্রহণ করবেন এবং কর্মপরিষদের অনুমোদন সাপেক্ষে তা বাস্তবায়নের পদক্ষেপ নিবেন। তিনি বার্ষিক হিসাব অডিট করাবেন।

৯. **তথ্য ও গবেষণা বিষয়ক সম্পাদক :** তিনি সংগঠনের যাবতীয় তথ্য ও পরিসংখ্যান সংরক্ষণ করবেন। সমাজ উন্নয়নমূলক গবেষণা প্রকাশ করবেন এবং সংগঠনের অগ্রগতির জন্য প্রয়োজনীয় প্রস্তাবনা পেশ করবেন।

১০. **শিক্ষা ও প্রশিক্ষণ সম্পাদক :** সর্বস্তরের দায়িত্বশীল, পেশাজীবীদেরকে যোগ্য করে গড়ে তোলার লক্ষ্যে সুনির্দিষ্ট প্রশিক্ষণ পরিকল্পনা, সেমিনার/কর্মশালা-এর ব্যবস্থা করবেন ও কর্মপরিষদের অনুমোদন সাপেক্ষে তা বাস্তবায়নের পদক্ষেপ নিবেন।

১১. **সমাজকল্যাণ সম্পাদক :** তিনি সমাজকল্যাণমূলক পরিকল্পনা (যেমন শীতবস্ত্র ও বন্যাত্রাণ বিতরণ এবং বিভিন্ন দুর্যোগ মুহূর্তে সাহায্য-

সহযোগিতা) গ্রহণ করবেন ও কর্মপরিষদের অনুমোদন সাপেক্ষে তা বাস্তবায়ন করবেন।

**১২. পাঠাগার ও প্রকাশনা বিষয়ক সম্পাদক :** তিনি সংগঠনের বই-পুস্তক, সাময়িকী, হ্যাণ্ডবিল-লিফলেট, প্রচারপত্র, স্টিকার-ফেস্টুন ইত্যাদি প্রচার ও প্রকাশনা বিষয়ে গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়ন করবেন। তিনি সংগঠনের বিভিন্ন বই-পত্রিকা, প্রচারপত্র ইত্যাদি বিলি ও বিক্রয়ের ব্যবস্থা করবেন এবং বিভিন্ন স্থানে পাঠাগার প্রতিষ্ঠা ও ব্যবস্থাপনা তদারকি করবেন।

**১৩. অফিস সম্পাদক :** তিনি সংগঠনের যাবতীয় ফাইল ও রেকর্ড-পত্র সংরক্ষণ করবেন এবং চিঠিপত্র আদান-প্রদান করবেন। তিনি অফিসের রক্ষণাবেক্ষণ ও সার্বিক তদারকি করবেন।

**১৪. উপদেষ্টা পরিষদ :** উপদেষ্টাগণ সংগঠনের অগ্রগতি বিষয়ে সজাগ দৃষ্টি রাখবেন এবং সংশ্লিষ্ট কর্মপরিষদকে প্রয়োজনীয় সহযোগিতা ও পরামর্শ প্রদান করবেন।

## চতুর্থ অধ্যায়

### ধারা-৭ : দায়িত্বশীলদের গুণাবলী

(১) আল্লাহভীরুতা (২) সুন্নাতের পাবন্দী (৩) ইমারতের প্রতি আনুগত্য (৪) পদের প্রতি লোভহীনতা (৫) দায়িত্বানুভূতির তীব্রতা (৬) সততা ও যোগ্যতা (৭) আমানতদারী (৮) হালাল রূযী (৯) ইসলামী পরিবার (১০) সংগঠনের জন্য ত্যাগ স্বীকারের মানসিকতা।

### ধারা- ৮ : মনোনয়ন

**১.** মুহতারাম আমীরে জামা'আত 'মজলিসে আমেলা'র সাথে পরামর্শক্রমে যোগ্য ও অভিজ্ঞ একজনকে কেন্দ্রীয় সভাপতি মনোনয়ন দিবেন ও সকলে তাঁকে সানন্দে গ্রহণ করবে।

**২.** কেন্দ্রীয় সভাপতি মনোনয়ন দানের সময় মুহতারাম আমীরে জামা'আত বা তাঁর প্রতিনিধি কেন্দ্রীয় শূরা কমিটির সাথে পরামর্শ করবেন।

**৩.** যেলা ও শাখার পরিচালনা পরিষদ মনোনয়ন পদ্ধতি দ্বিতীয় অধ্যায়ের সংশ্লিষ্ট ধারাসমূহে দ্রষ্টব্য।

## ধারা- ৯ : অব্যাহতি

**১.** কেন্দ্রীয় সভাপতির বিরুদ্ধে কোন অভিযোগ উত্থাপিত হ'লে মুহতারাম আমীরে জামা'আত তদন্ত সাপেক্ষে তা নিষ্পত্তির ব্যবস্থা গ্রহণ করবেন।

**২.** যদি কারো কর্মকাণ্ডে নিম্নোক্ত বিষয়গুলো প্রতিভাত হয়, তবে তিনি নিম্নোক্তভাবে দায়িত্ব থেকে অব্যাহতি প্রাপ্ত হবেন। যেমন- (ক) কোন দায়িত্বশীল গঠনতন্ত্র বিরোধী কাজ করলে (খ) তার কর্মকাণ্ড ধারা-৭-এর বিরোধী বলে পরিলক্ষিত হ'লে (গ) তার বিরুদ্ধে রাষ্ট্রীয় বা সাংগঠনিক কোন গুরুতর অভিযোগ উত্থাপিত হ'লে আত্মপক্ষ সমর্থনের সুযোগ দান সাপেক্ষে কর্মপরিষদের পরামর্শক্রমে সংশ্লিষ্ট কর্মপরিষদ আহ্বায়ক/সভাপতি যেকোন সময় তাকে অব্যাহতি প্রদান করবেন। (ঘ) তবে যে কোন শৃংখলাবিরোধী কারণে সংগঠন হ'তে অব্যাহতি দিতে হ'লে কেন্দ্রীয় সভাপতির অনুমোদন প্রয়োজন হবে।

**৩.** অধঃস্তন সংগঠনের কোন দায়িত্বশীলের বিরুদ্ধে দায়িত্বে অবহেলা ও সাংগঠনিক কোন অভিযোগ উত্থাপিত হ'লে সংশ্লিষ্ট কর্মপরিষদের আহ্বায়ক/সভাপতি স্বীয় পরিচালনা পরিষদের সাথে পরামর্শক্রমে বিষয়টির নিষ্পত্তি করবেন। প্রয়োজনে মন্তব্যসহ বিষয়টি ঊর্ধ্বতন সংগঠনে প্রেরণ করবেন।

**৪.** সংগঠন হ'তে অব্যাহতিপ্রাপ্ত কোন ব্যক্তি ফিরে আসতে চাইলে তাকে সভাপতি বরাবর উক্ত মর্মে লিখিত আবেদন করতে হবে। পরিচালনা পরিষদের পরামর্শক্রমে সভাপতি উক্ত দরখাস্ত মনযূর করলে তিনি শপথ গ্রহণ করবেন।

## পঞ্চম অধ্যায়

### ধারা-১০ : অর্থ ব্যবস্থা

**আয় :**

**১.** (ক) সকল পর্যায়ের সদস্য, সুধী ও শুভাকাঙ্ক্ষীদের এককালীন ও নিয়মিত অনুদান। (খ) যাকাত, ফেৎরা, কুরবানী ও অন্যান্য দান-ছাদাক্বার একটি নির্ধারিত অংশ। (গ) চাকুরী, নিজস্ব ব্যবসা বা প্রাতিষ্ঠানিক আয়।

**২.** সকল প্রকার আয় কেন্দ্রীয় রসিদে আদায় হবে।

**৩.** সভাপতি, সাধারণ সম্পাদক ও অর্থ সম্পাদকের সমন্বয়ে সংগঠনের নামে 'ব্যাংক একাউন্ট' থাকবে। সভাপতির স্বাক্ষর আবশ্যিক হবে।

**ব্যয় :**

সংশ্লিষ্ট পরিচালনা পরিষদের অনুমোদন সাপেক্ষে সংগঠনের সার্বিক স্বার্থে আদায়কৃত অর্থ ব্যয় করবে।

## ষষ্ঠ অধ্যায়

### ধারা- ১১ : গঠনতন্ত্র সংশোধন

কেন্দ্রীয় পরিচালনা পরিষদ সদস্যগণ গঠনতন্ত্রের যে কোন সংশোধনী আনতে পারবেন। তবে 'আহলেহাদীছ আন্দোলন বাংলাদেশ'-এর মজলিসে আমেলা কর্তৃক তা অনুমোদিত হ'তে হবে।

## সপ্তম অধ্যায়

### ধারা-১২ : বিবিধ

**১.** 'আহলেহাদীছ পেশাজীবী ফোরাম' 'আহলেহাদীছ আন্দোলন বাংলাদেশ'-এর কেন্দ্রীয় তত্ত্বাবধানে পরিচালিত হবে এবং যে কোন বিষয়ে মজলিসে আমেলার সিদ্ধান্ত অনুসরণে বাধ্য থাকবে।

**২.** প্রতি বছর সেপ্টেম্বর মাস হ'তে সাংগঠনিক বছর শুরু হবে। প্রতি সেশনের মেয়াদ তিন বছর হবে।

# পরিশিষ্ট

# Ahlehadeeth Professional Forum

**Vision :** Spreading the message of Tawhid (monotheism) and propagating the message of Islam as taught by the Prophet Muhammad (sallallahu alaihi wa sallam), his companions and the righteous predecessors in every sphere of life especially in the professional sectors of Bangladesh.

**Missions :**

1. Spreading the message of the prophets and establishing the authority of Quran & authentic Sunnah in our personal, social, economic and professional life.

2. Building professional communities to promote and cultivate true Islamic values in the professional spheres.

3. Establishing different institutions (Medical college and hospital, Schools and Universities etc) for professional development for practicing Muslims, training and educating the next generation of Muslims to prepare them for the upcoming world with true faith and skill.

**Activities and sub-activities :**

1**. Purification and Training :** (Tazkiyah & Tarbiyah)

**Sub-activities :** Self-Development, Skill-Development.

**2. Organizational Activism :**

**Sub-activities :** Organizing and attending seminars, workshops, conferences and study circles on weekly, monthly and yearly basis.

**3. Social Activism :**

**Sub-activities :** Dawah & Tableegh, Annual Study-Tour and promotion of Islamic socio-cultural activities and programs.

**4. Charity and Welfare Activities :**

**Sub-activities :** Voluntary works, Helping poors and disables, Medical camps, Bootcamps.

سبحانك اللهم وبحمدك أشهد أن لا إله إلا انت استغفرك وأتوب إليك–

اللهم اغفرلى ولوالدىّ وللمؤمنين يوم الحساب–




# আহলেহাদীছ পেশাজীবী ফোরাম